| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | কর্মকর্তাগণকে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরিদর্শক ও তদুর্ধ্ব কর্মকর্তাগণের সমন্বয়ে ৪০ জনের একটি করে গ্রুপ তৈরি করতে হবে। দক্ষ প্রশিক্ষকের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং প্রশিক্ষণে শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে পরীক্ষা নেয়া যেতে পারে। | | পুনর্বাসন)। |
| | | (ঘ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে কর্মরত সকল শ্রেণীর কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হলেও তুলনামূলকভাবে ২য় শ্রেণীর কর্মকর্তাদের প্রশিক্ষণ কম হওয়ায় তাদের প্রশিক্ষণ দেয়া প্রয়োজন। অধিদপ্তরে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের ক্রমান্বয়ে বিষয় ও স্তরভিত্তিক বৈদেশিক প্রশিক্ষণে মনোনয়ন প্রদান করতে হবে। এ বিষয়ে একটি কর্মপরিকল্পনা উপস্থাপন করা যেতে পারে। পাশাপাশি জানুয়ারি/২০২২ এর মধ্যে বৈদেশিক প্রশিক্ষণে মনোনয়ন সম্পন্ন করা যেতে পারে। | (ঘ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের ক্রমান্বয়ে বিষয় ও স্তরভিত্তিক বৈদেশিক প্রশিক্ষণে মনোনয়ন প্রদান করতে হবে। এ বিষয়ে একটি কর্মপরিকল্পনা উপস্থাপন করতে হবে। পাশাপাশি জানুয়ারি/২০২২ এর মধ্যে বৈদেশিক প্রশিক্ষণে মনোনয়ন সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)। |
| ০২। | মাদক মামলা /অভিযান সংক্রান্ত। | (ক) নিয়মিত মামলা দায়েরের প্রমাপ অর্জন হচ্ছে ন্যূনতম পারফরম্যান্স। এটি নিশ্চিত করতে হবে। প্রমাপ অর্জিত না হলে যুক্তিসংগত কারণ উল্লেখ করতে হবে। মোবাইল কোর্টে ইয়াবার মামলার উপর বেশী গুরুত্ব দিতে হবে। | (ক) নিয়মিত মামলা দায়েরের প্রমাপ অর্জনের মাধ্যমে ন্যূনতম পারফরম্যান্স অর্জন করতে হবে। কোয়ালিটি সম্পন্ন মামলা যাতে হয় সে বিষয়ে পরিকল্পনা গ্রহণ করে ব্যবস্থা নিতে হবে। | পরিচালক(অপাঃ)/ অতিরিক্ত পরিচালক (সকল)/উপ পরিচালক /সহঃ পরিচালক,জেলা কার্যালয় (সকল)। |
| | | (খ) বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ করা প্রয়োজন। | (খ) প্রসিকিউশন শাখার মাধ্যমে প্রত্যেক জেলা/মেট্রোঃ/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ রাখতে হবে। পাশাপাশি মাসিক ভিত্তিতে মাঠ পর্যায় হতে গ্রহণ করতে হবে। | পরিচালক(অপাঃ)/ অতিরিক্ত পরিচালক (সকল)। |
| | | (গ) মাদক ব্যবসায়ীদের তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। পাশাপাশি ত্রৈমাসিক ভিত্তিতে | (গ) মাদক ব্যবসায়ীদের বিদ্যমান তালিকা হালনাগাদ করে ত্রৈমাসিক ভিত্তিতে সভা করতে হবে। | পরিচালক (অপাঃ)/ অতিরিক্ত পরিচালক (সকল)। |

